

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৬

তারিখঃ ০৯ চৈত্র ১৪২৬
২৩ মার্চ ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক বহিঃবাংলাদেশ ভ্রমণ প্রসঙ্গে।

বিআরপিডি সার্কুলার নং ১১ তারিখ ২৭ অক্টোবর ২০১৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং ১৮ তারিখ ২৭ অক্টোবর ২০১৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লেখিত সার্কুলার এবং সার্কুলার লেটার এর মাধ্যমে ব্যাংক ব্যবস্থাপনায় সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদ এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, যে নামেই অভিহিত হোক না কেন, এর দায়-দায়িত্বের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্দেশনাগুলোর সুষ্ঠু পরিপালনার্থে ব্যাংক-কোম্পানীর প্রধান নির্বাহী কর্মকর্তার যথাসম্ভব সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান গুরুত্বপূর্ণ। সম্প্রতি পরিলক্ষিত হচ্ছে যে, কতিপয় ব্যাংক-কোম্পানীর প্রধান নির্বাহী কর্মকর্তা দাণ্ডরিক কাজে কিংবা ব্যক্তিগত ছুটিতে দীর্ঘদিনের জন্য বাংলাদেশের বাইরে অবস্থান করছেন। এতে সংশ্লিষ্ট ব্যাংকের কর্মকাণ্ডে সার্বিক গতিশীলতা হ্রাসের পাশাপাশি ব্যবস্থাপনা ও পরিচালনাগত ঝুঁকিসহ আর্থিক ক্ষতির সম্ভাবনা সৃষ্টি হচ্ছে, যা কোনভাবেই কাঙ্ক্ষিত নয়। এ প্রেক্ষিতে ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তাকে দীর্ঘ সময়ের জন্য বাংলাদেশের বাইরে অবস্থান যতদূর সম্ভব পরিহার করার পরামর্শ দেয়া যাচ্ছে।

৩। এতদপ্রেক্ষিতে, প্রধান নির্বাহী কর্মকর্তার বহিঃবাংলাদেশ ভ্রমণ আবশ্যকীয় হলে দেশের বাইরে গমনের পূর্বে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণ করতে হবে। এরূপ অনুমোদন গ্রহণের নিমিত্তে ব্যাংক কর্তৃক প্রেরিত আবেদনপত্রের সাথে ভ্রমণের ১৫ (পনের) কর্মদিবস পূর্বে বাংলাদেশ ব্যাংকে 'পরিশিষ্ট-ক' অনুযায়ী নিম্নোক্ত তথ্যাবলী দাখিল করতে হবে :

- পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের অনুলিপি;
- ভ্রমণের প্রস্তাবিত সময় (যাতায়াত সময়সহ);
- ভ্রমণের উদ্দেশ্য এবং দেশের বাইরে অবস্থানকালীন ঠিকানা (একাধিক দেশ হলে প্রত্যেক দেশের নাম, সম্ভাব্য অবস্থানের মেয়াদ ও ঠিকানা)।

৪। প্রধান নির্বাহী কর্মকর্তার বহিঃবাংলাদেশ ভ্রমণের আবেদন বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত হলে, প্রধান নির্বাহী কর্মকর্তার অনুপস্থিতকালীন সময়ে তাঁর স্থলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, দাণ্ডরিক ফোন, সেল ফোন নম্বর ও ই-মেইল এড্রেস প্রধান নির্বাহীর কর্মস্থল ত্যাগের পূর্বে বাংলাদেশ ব্যাংকের গভর্নর সচিবালয় এবং ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগকে অবহিত করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



মোঃ মকবুল হোসেন
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০২৬৮

ব্যাংক-কোম্পানীর প্রধান নির্বাহী কর্মকর্তাগণের বহিঃবাংলাদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্যাবলী

০১।	ব্যাংক-কোম্পানীর নাম	:			
০২।	প্রধান নির্বাহী কর্মকর্তার নাম	:			
০৩।	পিতার নাম	:			
০৪।	মাতার নাম	:			
০৫।	স্বামী/স্ত্রীর নাম	:			
০৬।	পাসপোর্ট নং	:			
০৭।	মোট বেতন (মূলবেতন আলাদাভাবে উল্লেখ করতে হবে)	:			
০৮।	ভ্রমণের উদ্দেশ্য	:			
০৯।	ভ্রমণের প্রস্তাবিত সময় (যাতায়াত সময়সহ)	:			
১০।	পর্যদের অনুমোদনের তারিখ	:			
১১।	দেশের বাইরে অবস্থানকালীন ঠিকানা (একাধিক দেশ হলে প্রত্যেক দেশের নাম, সম্ভাব্য অবস্থানের মেয়াদ ও ঠিকানা)	:			
১২।	একা/পরিবারের সদস্যসহ ভ্রমণ কি-না	:			
১৩।	সপরিবারে ভ্রমণের ক্ষেত্রে পরিবারের সদস্যদের নাম, বয়স ও সম্পর্ক	:			
১৪।	সর্বশেষ কখন, কতদিনের জন্য এবং কি উদ্দেশ্যে বিদেশ ভ্রমণ করা হয়েছে	:			
১৫।	বিগত ০২ বছরের বিদেশ ভ্রমণের তথ্য	:	<u>ভ্রমণের দেশ</u>	<u>সময়</u>	<u>উদ্দেশ্য</u>
১৬।	ভ্রমণের ব্যয়ের উৎস	:			